# বর্ধমান জিলা পরিষদ

## বাস্তুকার বিভাগ

### কোর্ট কমপাউন্ডবর্ধমান, ৭১৩১০১

স্মারক সংখ্যা :- ডি.ই./রাণীগঞ্জ/ ৮৮৬ তারিখ :- ০৮/৯/২০১৫

**ব্যবসায়িক কেন্দ্রের দোকানঘরগুলির ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর খামের মাধ্যমে )**

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বর্ধমান জিলা পরিষদের অধীন রানীগঞ্জ পঞ্চায়েত সমিতির অন্তর্গত রাণীগঞ্জ মার্কেট কমপ্লেক্সের নিচু তলার অবশিষ্ট দোকানঘরগুলির জন্য সিল মোহর করা খামে দরপত্র আহ্বান করা হইতেছে। দরপত্র শেষ দিনের আগেও জমা করা যাইবে।

ইচ্ছুক ব্যক্তি বা সংস্থাকে দরপত্র জমা দিবার পূর্বে ঘরের অবস্থান, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। প্রতিটি ঘরের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ সহ নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১. সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি হইতে পরিচিতি (নাম, পিতা সহ সম্পূর্ণ ঠিকানা, থানার নাম ইত্যাদি)

২ ভোট দেবার পরিচয় পত্রের নকল

৩ নির্দিষ্ট বায়না জমার অর্থ (Earnest Money), জেলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ (**District Engineer , Zilla Parishad,Burdwan, Payable at Burdwan**)-এর অনুকূলে,বর্ধমানস্থিত কোনও সিডিউল ব্যাঙ্ক এর ব্যাঙ্ক ড্রাফট/ পে অর্ডার/ ব্যাঙ্কারস চেক মাধ্যমে দিতে হইবে। বায়না জমা (আরনেস্ট মানি) ব্যাতিত কোনও দরপত্র গ্রাহ্য হইবে না।সর্বোচ্চ সফল ডাক দাতার বায়না জমার অর্থ তাহার ডাকের অংশ হিসাবে বিবেচিত হইবে এবং অসফল ডাকদাতাদের আবেদনক্রমে বায়না জমা ফেরত দেওয়া হইবে।

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ তাহার দর অনুমোদন জ্ঞাত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যেই নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট ইত্যাদির মাধ্যমে জেলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ এর অনুকূলে জমা দিতে হইবে এবং জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্দিষ্ট দিনের মধ্যে কবুলিয়ত পত্র ২ (দুই) জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও স্বাক্ষর সহ জমা দিতে হইবে, অন্যথায় তাহার বায়না জমা বাজেয়াপ্ত করিয়া ইজারা অনুমোদন বাতিল বলিয়া গন্য হইবে।

জিলা পরিষদের নির্ধারিত দিনেই স্থান/ ঘর হস্তান্তর করা হইবে এবং হস্তান্তরিত হওয়ার দিন হইতেই মাসিক ভিত্তিতে প্রদেয় লাইসেন্স ফি প্রযোজ্য হইবে।

**দরপত্র জমা দিবার স্থান:-** নিম্ন স্বাক্ষরকারীর অফিস

**দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় :-** ২৯ শে সেপ্টেম্বর, ২০১৫ সন, মঙ্গল বার বৈকাল ৩:৩০ ঘটিকার মধ্যে

**দরপত্র খোলার তারিখ ও সময় :-** (দরপত্র দাখিলকারিদের উপস্থিতি) ২৯ শে সেপ্টেম্বর, ২০১৫ সন, মঙ্গল বার বৈকাল ৪:৩০ ঘটিকার পর নিম্ন স্বাক্ষরকারীর অফিসে।

অফেরতযোগ্য জমিন জমা টাকার সর্বনিম্ন পরিমান ২,০০,০০০/- টাকা।

বায়না জমা টাকার পরিমান ৪০,০০০/- টাকা

মাসিক ভিত্তিতে প্রদেয় লাইসেন্স ফি ৭ টাকা প্রতি বর্গফুট। প্রতি বৎসর ৫ শতাংশ হারে বৃদ্ধি হইবে।

যদি কোনও ব্যক্তি /সংস্থা জিলা পরিষদের প্রাপ্য অর্থ ইতিপূর্বে পরিশোধ না করিয়া বা বেনামী করিয়া অত্র ডাকে অংশগ্রহণ করিয়াছেন বলিয়া প্রমান হয় তাহলে উক্ত দরপত্র বাতিল হইবে। ব্যাবসায়িক স্থান / ঘরের জন্য চুক্তি অনুযায়ী প্রতিমাসে প্রদেয় লাইসেন্স ফি নির্দিষ্ট সময়ে জমা দিতে হইবে। ইহা ছাড়া বিদ্যুৎ ব্যয়, পঞ্চায়েত ইত্যাদির প্রযোজ্য কর ও অন্যান্য আনুসাঙ্গিক খরচ ব্যবহারকারীগণকে নিজ ব্যয়ে মিটাইতে হইবে। পরিবেশ দূষনকারী / দাহ্য পদার্থ /বিল্ডিং ক্ষতিকারক বস্তু-সামগ্রী উক্ত ব্যাবসায়িক কেন্দ্রের মধ্যে ক্রয়/বিক্রয় করা যাইবে না।

ব্যাবসায়িক স্থান /ঘর এককালিন ৫ (পাঁচ) বৎসরের মেয়াদী লাইসেন্স মূল্যে অস্থায়ী ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। উক্ত মেয়াদ অন্তে প্রদত্ত লাইসেন্স প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও শর্তে ২৫(পঁচিশ) বৎসর অবধি নবীকরণ করা যাইবে। প্রতি বৎসরে ভাড়া বৃদ্ধির পরিমান ৫ শতাংশ হারে হইবে। জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে কোনও ইজারা হস্তান্তর করা যাইবে না।

আগ্রহী ব্যক্তি/সংস্থা জেলা বাস্তুকার অফিস হইতেও নির্দিষ্ট তারিখ ও সময়ের পূর্বে প্রয়োজনীয় তথ্য জ্ঞাত ও সংগ্রহ করিতে পারিবেন। জিলা পরিষদ নির্ধারিত দরের নিম্নে দেওয়া কোনও দর অনুমোদিত হইবে না।

অত্র বিজ্ঞপ্তির কোনও সংশোধন /সংযোজন কেবলমাত্র জিলা পরিষদ অফিস নোটিশ বোর্ড /ওয়েবসাইট এ দেওয়া হবে। সর্বোচ্চ ডাক জিলা পরিষদের চুড়ান্ত অনুমোদন সাপেক্ষে গ্রহন করা হইবে। প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোনও কারণ না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ ডাকের যে কোনও টি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

জেলা বাস্তুকার ০৮/০৯/২০১৫
বর্ধমান

## নিয়ম ও শর্ত :-

১. ' সমবায় সহ সর্বক্ষেত্রেই দরপত্রে অংশগ্রহন করিবার সময় বায়না জমা হিসাবে প্রতিটি ঘরের জন্য বর্ধমান জিলা পরিষদের পক্ষে ব্যাঙ্ক ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক আবেদন পত্রের সঙ্গে সীল করা খামে জমা দিতে হইবে,অন্যথায় দরপত্র গ্রাহ্য হইবে না।

২. দরপত্রে বর্ণিত মূল্য অফেরতযোগ্য প্রিমিয়াম হিসাবে গৃহীত হইবে। সফল ডাকদাতাদের ক্ষেত্রে অফেরতযোগ্য প্রিমিয়াম (সর্বোচ্চ ডাক মূল্য) বায়না জমা টাকার সঙ্গে সমন্বিত হবে এবং অসফল ডাকদাতার ক্ষেত্রে পরে তাহা ফেরত দেওয়া হইবে।

৩. সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ তাহার দর অনুমোদন জ্ঞাত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যেই নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট ইত্যাদির মাধ্যমে জেলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ এর অনুকূলে জমা দিতে হইবে সর্বোচ্চ সফল ডাকদাতা কোন কারনে ঐ দিনের মধ্যে দরপত্রে বর্ণিত মূল্য আদায় না দিলে এই বাবদ সমস্ত প্রদেয় অর্থই বাজেয়াপ্ত হইবে ও ঘরটির পুনরায় দরপত্র আহ্বানের ব্যবস্থা করা হইবে।

৪. যে সমস্ত বক্তি বা প্রতিষ্ঠান জিলা পরিষদে দেয় টাকা ইতিপূর্বে পরিশোধ করেন নাই বা বেনামী করিয়া অন্য স্থানে নিলাম ডাকে অংশগ্রহণ করেন বলিয়া প্রমান হয় তাহাদিগকে ডাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না।

৫. ঘরগুলির জন্য প্রতিমাসে প্রদেয় লাইসেন্স ফি চুক্তি অনুযায়ী জমা দিতে হইবে। তাহা ছাড়া বিদ্যুৎ ব্যয়, পঞ্চায়েত কর ও অন্যান্য আনুসাঙ্গিক ব্যায় তাঁহাদিগকে নিজ ব্যায়ে মিটাইতে হইবে।

৬. সর্বোচ্চ ডাক জিলা পরিষদের চুড়ান্ত অনুমোদন সাপেক্ষে গ্রহন করা হইবে। প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির উত্তরে প্রাপ্ত সর্বোচ্চ ডাকের যে কোনটি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

৭. ব্যাবসায়িক স্থান /ঘর এককালিন ৫ (পাঁচ) বৎসরের মেয়াদী লাইসেন্স মূল্যে অস্থায়ী ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। উক্ত মেয়াদ অন্তে প্রদত্ত লাইসেন্স প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও অপরিবর্তিত শর্তে ২৫ (পঁচিশ) বৎসর অবধি নবীকরণ করা যাইবে। মাসিক ভিত্তিতে প্রদেয় লাইসেন্স ফি প্রতি বৎসর ৫ শতাংশ হারে বৃদ্ধি হইবে। জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে কোনও ইজারা হস্তান্তর করা যাইবে না।দরপত্রের অংশগ্রহণকারীগনকে অনুরোধ করা যাইতেছে যে, দর দিবার পূর্বে দোকান ঘরগুলির অবস্থান, ঘরের নং,ঘরের মাপ, সুযোগ সুবিধা, লাইসেন্স ফি প্রদানের নিয়ম ও শর্ত ইত্যাদি দেখিয়া এবং উপরোক্ত বিষয়সমূহ সবর্বতোভাবে বুঝিয়া তবেই ডাকে অংশগ্রহণ করিবেন, পরে এই বিষয়ে কোন ওজর, আপত্তি ইত্যাদি গ্রাহ্য হইবে না।

৮. পরিবেশ দুষনকারী / উত্তেজক পানীয় ইত্যাদি কোন দোকানে বিক্রয় করা যাইবে না।

৯. জিলা পরিষদ নির্ধারিত অফেরতযোগ্য জমিন জমার নিম্নে কোন দর গৃহীত হইবে না।

১০. একই অঙ্কে একাধিক ব্যক্তি/সংস্থা দরপত্র দাখিল করিলে লটারির মাধ্যমে চুড়ান্ত নিস্পত্তি হইবে।

জেলা বাস্তুকার
বর্ধমান

স্মারক সংখ্যা :- ডি.ই./রাণীগঞ্জ/ ৮৮৩/৬০ — তারিখ :- ০৮/৭/২০১৫

প্রতিলিপি মাননীয় সভাধিপতি, বর্ধমান জিলা পরিষদ / নির্বাহী আধিকারিক, বর্ধমান জিলা পরিষদ / সহকারী সভাধিপতি, বর্ধমান জিলা পরিষদ / অতিরিক্ত নির্বাহী আধিকারিক, বর্ধমান জিলা পরিষদ / কর্মাধ্যক্ষ্য পূর্ত্তকার্য্য ও পরিবহন স্থায়ী সমিতি, বর্ধমান জিলা পরিষদ / সকল কর্মাধ্যক্ষগন, বর্ধমান জিলা পরিষদ / মহকুমা শাসক বর্ধমান সদর (দক্ষীণ),বর্ধমান সদর (উত্তর),আসানসোল, দূর্গাপুর / নির্বাহী বাস্তুকার, পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়ন সংস্থা / সভাপতি, দূর্গাপুর-ফরিদপুর,অন্ডাল,সালানপুর,জামুরিয়া,রাণীগঞ্জ,বারাবনী পঞ্চায়েত সমিতি (সংশ্লিষ্ট পঞ্চায়েত গুলিতে বিজ্ঞপ্তি প্রেরনের জন্য অনুরোধ করা হল) / নির্বাহী আধিকারিক দূর্গাপুর-ফরিদপুর,অন্ডাল,সালানপুর,জামুরিয়া,রাণীগঞ্জ,বারাবনী ব্লক / জিলা পরিষদ সদস্য / সহ বাস্তুকার, আসানসোল / সহ বাস্তুকার বর্ধমান -২ / অবর সহ বাস্তুকার, রানীগঞ্জ, আসানসোল, দূর্গাপুর / উপ সচিব / ডি.আই.এ., বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট http://www.burdwanzp.org / http://www.bardhaman.nic.in -তে সম্প্রচারের জন্য প্রেরিত হল / জিলা পরিষদের নোটীশ বোর্ড, - এর নিকট বহুল প্রচারের জন্য প্রেরিত হল।

জেলা বাস্তুকার
বর্ধমান